দৈনিক ইত্তেফাক

তারিখ 3 0 AUG 1993
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ১ ...

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রচার মাধ্যমের সহযোগিতা কামনা

ইত্তেফাক রিপোর্ট ॥ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ শমসের আলী গতকাল (রবিবার) ধানমণ্ডিস্থ তাঁহার অফিস কক্ষে এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষকে উদ্বুদ্ধ করার জন্য রেডিও, টিভি-

(১০ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের

(শেষ পৃঃ পর)

সহ প্রচার মাধ্যমসমূহের আন্তরিক সহযোগিতা কামনা করিয়াছেন। সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের আদর্শ, উদ্দেশ্য ব্যাখ্যা করিতে গিয়া ডঃ শমসের আলী বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রচলিত ধারণা হইতে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সম্পূর্ণ আলাদা। এই বিশ্ববিদ্যালয়ের পাঠদান পদ্ধতি একেবারেই ভিন্ন। রেডিও-টিভির মাধ্যমে শিক্ষার্থীরা কিছু পড়িয়া, কিছু শুনিয়া, কিছু দেখিয়া তাহাদের নির্ধারিত কোর্স সমাধা করিবেন। শিক্ষকের সহিত তাহাদের যোগসূত্র খুব একটি থাকিবে না। দুই সপ্তাহে একবার টিউটোরিয়াল পরীক্ষার সময় তাহারা শিক্ষকের মুখোমুখি হইবে। পাশাপাশি আসন সংখ্যার ধরাবাধা কোন নিয়ম নাই।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, এশিয়ান ডেভলপমেন্ট ব্যাঙ্কের সহযোগিতায় এই বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু হইয়াছে। গাজীপুরে ৩৫ একর জমির উপর ক্যাম্পাস নির্ধারণ করা হইয়াছে। ঢাকা ছাড়াও দেশের ১০টি শহরে আঞ্চলিক অফিস থাকিবে। ইহাছাড়া সারাদেশে ৮০টি ষ্টাডি সেন্টারের মাধ্যমে পাঠদান ও শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হইবে। প্রফেসর শমসের আলী বলেন, মাত্র দেড় বছরে এই বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে আশানুরূপ সাড়া পাওয়া গিয়াছে। রেডিও-টিভি আমাদের জন্য প্রতিদিন ৩০ মিনিট সময় দিয়াছে। প্রয়োজনের তুলনায় ইহা খুবই কম। তবুও আমরা কাজ চালাইতেছি। প্রফেসর গিয়াসউদ্দিন আহম্মদ, আনোয়ার আলী, এম, এন মুস্তাফা, আব্দুস সোবহান, মোহসিন উদ্দিন আহমেদ, ডঃ এ, কে এনামুল হক, শামসুল হক প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।